গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা ভূমি অফিস

আদিতমারী, লালমনিরহাট।

স্মারক নং-৩১.৪৭.৫২০২.০০৩.০২.০০১.১৯- ১৮৬ (১৪)    তারিখ ঃ ০৭/০৩/২০১৯ খ্রিঃ।

## " জলমহাল ইজারা প্রদানের বিজ্ঞপ্তি "

"জাল যার জলা তার" এই নীতির আলোকে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আওতায় লালমনিরহাট জেলার আদিতমারী উপজেলাধীন নিম্ন তফসিলভুক্ত ০১টি জলমহাল (২০ একর পর্যন্ত বদ্ধ) ১৪২৬ বঙ্গাব্দ হতে ১৪২৮ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতি এর অনুকূলে ইজারা প্রদানের জন্য নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। আবেদন দাখিলের পূর্ব দিন পর্যন্ত অফিস চলাকালীন সময় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আদিতমারী, লালমনিরহাট ও উপজেলা ভূমি অফিস, আদিতমারী, লালমনিরহাট হতে ৫০০/-(পাঁচশত) টাকা মূল্যে (অফেরতযোগ্য) আবেদন ফরম ক্রয় করা যাবে এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী এর অফিস কক্ষের সামনে রক্ষিত বাক্সে আবেদন পত্র দাখিল করা যাবে। বিস্তারিত তথ্যাবলী, জলমহালের তফসিল ও শর্তাবলী অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস ও আদিতমারী উপজেলার ওয়েবসাইটে জানা যাবে।

আবেদন পত্র ক্রয়, দাখিল ও উন্মুক্তকরন নিম্নোক্ত তারিখ ও সময় অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট এর কার্যালয়ে সম্পন্ন হবে।

| পর্যায় | আবেদন ফরম ক্রয়ের সর্বশেষ সময়সীমা | | আবেদন দাখিল | | আবেদন উন্মুক্তকরণ | |
|---|---|---|---|---|---|---|
| | তারিখ | সময় | তারিখ | সময় | তারিখ | সময় |
| ১ম | ২৪/০৩/১৯ | অফিস চলাকালীন সময় | ২৫/০৩/১৯ | সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | ২৫/০৩/১৯ | দুপুর ০১.৩০ টা |
| ২য় | ৩১/০৩/১৯ | ঐ | ০১/০৪/১৯ | ঐ | ০১/০৪/১৯ | ঐ |
| ৩য় | ০৭/০৪/১৯ | ঐ | ০৮/০৪/১৯ | ঐ | ০৮/০৪/১৯ | ঐ |

| ক্রঃ নং | জলমহাল/ পুকুরের নাম | মৌজার নাম | দাগ নং | আয়তন (একর) | সর্বনিম্ন বার্ষিক ইজারামূল্য (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১। | হাঁসের দীঘি | উত্তর গোবধা | ২৩৮৬ | ০.৪০ | ১০,৫০০.০০ | |

### শর্তাবলী

১) নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবিদের সংগঠন/সমিতি যা সমবায় অধিদপ্তরে নিবন্ধিত, সে সংগঠন/সমিতি বা সংগঠন/সমিতি সমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন। **কোন সংগঠন/সমিতিতে প্রকৃত মৎস্যজীবি ব্যতিত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন, তাহলে উক্ত সংগঠন/সমিতি আবেদনের যোগ্য হবে না।** কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন/সমিতি আবেদন করতে পারবেন না। নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। জলমহালের নিকটবর্তী/ তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবি সংগঠন/ সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে। প্রকৃত মৎস্যজীবিদের সংগঠন/সমিতি যারা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবি ছাড়া অন্য কোন সদস্য নেই তারাও আবেদনে অংশগ্রহনের জন্য উপযুক্ত বিবেচিত হবেন। সংগঠন/ সমিতির কার্যকারিতার প্রমান স্বরূপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/ সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/ সংগঠনের ক্ষেত্রে এ ধরনের প্রমানের দরকার হবে না। আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবি সংগঠন/ সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানা সহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানা সহ) সংযুক্ত করবেন এবং একই সাথে তার অনুলিপি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

চলমান পাতা-০২

২) ১ নং শর্তাধীন কোন মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে সমাজ ভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনার অনুকরণে, কেবলমাত্র সংশ্লিষ্ট জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত বেকার যুবক, মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান, যুব মহিলা, বিধবা/ স্বামী পরিত্যক্তা মহিলা, আনসার ভিডিপি/ গ্রামপুলিশ সদস্য, কোন দরিদ্র/অস্বচ্ছল ব্যক্তিগণের সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত একক সমিতি বা সমিতি সমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন করলে যথার্থতা যাচাই সাপেক্ষে তা গ্রহণ করা হতে পারে।

৩) বিজ্ঞপ্তিতে অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/ পে -অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট এর অনুকূলে জামানত হিসেবে আবেদনকারী তার আবেদনের সহিত দাখিল করবেন। লীজ প্রাপ্ত সমিতির শেষ বছরের লীজ মানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে।

৪) কাংখিত ইজারা মূল্যের কম মূল্য কোনভাবেই গ্রহনযোগ্য হবেনা।

৫) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি/ জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি/ বিভাগীয় কমিশনারের সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত/ ইজারা প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/ সমিতি প্রথম বছরের সাকুল্য ইজারা মূল্য, ১৫% ভ্যাট এবং ৫% আইটি সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কর্ম দিবসের মধ্যে নির্ধারিত কোডে জমা প্রদান করবেন। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন পূর্বক জলমহালের দখল নির্বাচিত ইজারাদারকে বুঝিয়ে দেয়া হবে। জামানতের অর্থ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। ২য় বছরের ইজারা মূল্য, ভ্যাট ও আইটি ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী বছরের ইজারা মুল্য, ভ্যাট ও আইটি পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ইজারা মূল্য/সরকারি পাওনা নির্ধারিত সময়ে পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল সহ জামানতের অর্থ সরকারের অনুকুলে বাজেয়াপ্ত করা হবে।

৬) আবেদন দাখিলের পূর্বেই সরেজমিন জলমহালের তফসিল, অবস্থান ও আয়তন যাচাই করে ইজারা কার্যক্রমে অংশগ্রহন করতে হবে। এ বিষয়ে পরবর্তীতে কোন আপত্তি গ্রহনযোগ্য হবে না।

৭) যে সকল মৎস্যজীবি সংগঠন/ সমিতি এর নিকট কোন জলমহালের ইজারার অর্থ বকেয়া আছে/ সার্টিফিকেট মোকদ্দমা/ অন্য মোকদ্দমা রুজু করা হয়েছে সে সকল সংগঠন/ সমিতি দরপত্র কার্যক্রমে অংশগ্রহন করতে পারবে না।

৮) **কোনক্রমেই জলমহাল সাব-লিজ দেয়া যাবে না। সাব-লিজ দেয়া হলে ইজারা বাতিল সহ জমাকৃত সমুদয় অর্থ সরকারের অনকূলে বাজেয়াপ্ত করা হবে। উক্ত লিজ গ্রহিতা মৎস্যজীবি সংগঠন/ সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।**

৯) **জলমহাল ইজারার মেয়াদ ১ বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময় জলমহালের ইজারা গ্রহন করলেও ইজারার মেয়াদ ১ বৈশাখ থেকে কার্যকর বলে গণ্য হবে এবং একই বছরের ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে। এই সময়ের মধ্যে কোন কারনে খাস কালেকশন করা হয় তবে তা সরকারি খাতে জমা হবে, ইজারা প্রাপ্ত সমিতি/ সংগঠন পাবে না।**

১০) ইজারা মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহিতার কোন প্রকার দাবী/ অধিকার/ স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার, স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের নিকট ন্যস্ত হবে। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা যাবে না।

১১) ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না। রাক্ষুসে মাছ চাষ করা যাবে না। বর্ষা মৌসুমে ইজারাকৃত জলমহাল প্লাবন ভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয়ে রুপ নিলে ইজারাদারের মৎস্য আহরণ অধিকার কেবল ইজারাকৃত জলাশয়ের/ জলমহালের সীমানার ভিতর সীমাবদ্ধ থাকবে।

১২) কোন মৎস্যজীবি সমবায় সমিতি/ সংগঠন/ সমিতি এর অনুকূলে সর্বোচ্চ ২(দুই) টি জলমহাল ইজারা/ বন্দোবস্ত প্রদান করা যাবে।

চলমান পাতা-০৩

১৩) সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ সহ ইজারা সংক্রান্তে সকল নীতিমালা/ বিধি-বিধান/ পরিপত্র মেনে চলতে হবে অন্যথায় ইজারা বাতিল সহ জমাকৃত সমূদয় অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

১৪) ১ম পর্যায়ে পর্যাপ্ত আবেদন পাওয়া না গেলে বা দাখিলকৃত আবেদন গৃহিত না হলে একই কারনে একই নিয়মে পরবর্তী পর্যায়/ পর্যায় সমূহে আবেদন গ্রহণ এবং উন্মুক্ত করা হবে।

১৫) কর্তৃপক্ষ যেকোন কিংবা সকল আবেদন কোন কারন দর্শানো ব্যতিরেকেই গ্রহন কিংবা বাতিলের অধিকার সংরক্ষন করেন।

০৭.৩.১৯
(মোঃ আসাদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
আদিতমারী, লালমনিরহাট।

স্মারক নং-৩১.৪৭.৫২০২.০০৩.০২.০০১.১৯- ১৮৩/ ১(২৫)     তারিখ ঃ ০৭ /০৩/২০১৯ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো ঃ

১) মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় ও জাতীয় সংসদ সদস্য - ১৭, লালমনিরহাট-২।
২) জেলা প্রশাসক , লালমনিরহাট।
৩) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), লালমনিরহাট।
৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট।
৫) উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট।
৬) উপজেলা কৃষি কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট।
৭) উপজেলা মৎস্য কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট।
৮) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট।
৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আদিতমারী থানা, আদিতমারী, লালমনিরহাট।(আবেদন দাখিল ও উন্মুক্তকরনের জন্য নির্ধারিত তারিখ ও সময়ে আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন করার জন্য অনুরোধ করা হলো।)
১০) উপজেলা সমবায় কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট।
১১) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট।
১২) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট।
১৩) চেয়ারম্যান,..........................ইউনিয়ন পরিষদ, আদিতমারী, লালমনিরহাট। তার এলাকায় হাটবাজারে মাইক/ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
১৪) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ..............................ইউনিয়ন ভূমি অফিস, আদিতমারী, লালমনিরহাট। তার এলাকায় হাটবাজারে মাইক/ ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করতঃ আবেদন দাখিলের নির্ধারিত তারিখের পূর্বে জারির প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারীর অফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

০৭.৩.১৯
(মোঃ আসাদুজ্জামান)
সহকারী কমিশনার (ভূমি)(অঃদাঃ)
আদিতমারী, লালমনিরহাট।